

# সমকাল

## তোমরা অধৈৰ্য হযো না: বুয়েট ভিসি

১৮ ফৰ্টা আগে

---

সমকাল প্ৰতিবেদক

---



আবরার ফাহাদ হত্যাকাণ্ডের প্রায় ৫০ ঘণ্টা পর শিক্ষার্থীদের সামনে এলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম। সন্ধ্যা ৬টার দিকে এসেই তিনি শিক্ষার্থীদের তোপের মুখে পড়েছেন। ক্ষুব্ধ শিক্ষার্থীদের থামাতে বক্তব্য দেন তিনি। বলেন, 'ঘটনার পর থেকে আমি অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছি। সর্বোচ্চ ব্যবস্থা নিয়েছি। প্রেস বিজ্ঞপ্তি দিয়েছি। ৫-৬ জনকে নিয়ে বসেছি। সবতো আমার হাতে নেই, যেগুলো আমার হাতে আছে সেগুলো আমি করছি। নীতিগতভাবে তোমাদের পূর্ণ সমর্থন দিচ্ছি। সারাদিন মন্ত্রী মহোদয়ের সঙ্গে কথা বলেছি। তোমরা অধৈর্য হবে না।'

এ সময় শিক্ষার্থীরা তাদের দাবির বিষয়ে সিদ্ধান্ত না দিয়ে ভিসিকে ক্যাম্পাস না ছাড়ার দাবি জানান। এ সময় তিনি বলেন, 'আমি তো কোনো অন্যায় করিনি'। তখন শিক্ষার্থীরা উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম উদ্দেশ্য করে 'ভুয়া ভুয়া' করে স্লোগান দেন। শেষ খবর পাওয়া পর্যন্ত শিক্ষার্থীরা ভিসির কার্যালয়ের সামনে অবস্থান করছেন।

সন্ধ্যা সাড়ে ৬টার দিকে ভিসি আবারও শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন। এ সময় তিনি বলেন, নিজের ক্ষমতায় আমি কিছুই করতে পারি না। মন্ত্রী মহোদয়কে নিয়ে বসবো।